# সরকারের একাংশ রিফাইন আ. লীগ ফেরাতে ষড়যন্ত্র করছে: গোলাম পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীসহ বিরোধী রাজনৈতিক মতকে মোকাবিলা করতে সরকারের একটি অংশ 'রিফাইন আওয়ামী লীগ'কে রাজনীতিতে ফেরানোর ষড়যন্ত্র করছে বলে অভিযোগ করেছেন দলটির সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।

শনিবার (১২ সেপ্টেম্বর) রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন আয়োজিত জাতীয় সিরাত সেমিনারে বক্তব্য দেওয়ার সময় তিনি এ অভিযোগ করেন।

মিয়া গোলাম পরওয়ার বলেন, দিল্লির সঙ্গে সরকারের গোপন আঁতাত না থাকলে আওয়ামী লীগ কীভাবে সারা দেশে মিছিল করার সুযোগ পাচ্ছে, সেটি নিয়ে প্রশ্ন রয়েছে। তার দাবি, আওয়ামী লীগের রাজনীতিতে ফিরে আসার আর কোনো সুযোগ নেই। সরকার আবারও ফ্যাসিবাদের দিকে এগিয়ে যাচ্ছে।

এ সময় জুলাই সনদ ও গণভোটের রায় বাস্তবায়ন না করে সরকার জনগণের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে বলেও অভিযোগ করেন জামায়াতের এই নেতা।

LENS ASIA